# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাউবি/প্রশা(রিসার্চ ডিগ্রি)/ভর্তি বিজ্ঞপ্তি/০১(০৫)/২০১৯/পার্ট০১/৪৪৭১ তারিখ : ২৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

## ভর্তি বিজ্ঞপ্তি

**এমফিল এবং পিএইচডি প্রোগ্রাম**

শিক্ষাবর্ষ : ২০২৬-২০২৭ (ষষ্ঠ ব্যাচ)

১. বাউবির এমফিল ও পিএইচডি প্রোগ্রামে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে নিম্নে বর্ণিত বিষয়ে গবেষক ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে –

**স্কুল অব এডুকেশন**

এমফিল ও পিএইচডি প্রোগ্রামের ভর্তির বিষয় : শিক্ষাবিজ্ঞান, বাংলা ভাষা ও সাহিত্য শিক্ষণ, ইংরেজি ভাষা ও সাহিত্য শিক্ষণ, সামাজিক বিজ্ঞান শিক্ষণ, বিজ্ঞান ও গণিত শিক্ষণ

**সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল**

এমফিল ও পিএইচডি প্রোগ্রামের ভর্তির বিষয় : বাংলা ভাষা ও সাহিত্য, ইংরেজি, ইসলামিক স্টাডিজ, ইতিহাস, দর্শন, সমাজতত্ত্ব, রাষ্ট্রবিজ্ঞান, ভূগোল ও পরিবেশ, অর্থনীতি

**ওপেন স্কুল**

এমফিল ও পিএইচডি প্রোগ্রামের ভর্তির বিষয় : ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইতিহাস, সমাজবিজ্ঞান, দুর্যোগ ব্যবস্থাপনা, ইংরেজি, ব্যবস্থাপনা, মার্কেটিং, উন্মুক্ত ও দূরশিক্ষণ

**স্কুল অব বিজনেস**

এমফিল ও পিএইচডি প্রোগ্রামের ভর্তির বিষয় : ম্যানেজমেন্ট, একাউন্টিং, ইকোনমিকস, ফাইন্যান্স, মার্কেটিং

**কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল**

পিএইচডি প্রোগ্রামের ভর্তির বিষয় : কৃষিতত্ত্ব, কীটতত্ত্ব, সেচ ও পানি ব্যবস্থাপনা, একুয়াকালচার, পোল্ট্রি সায়েন্স, কৃষি পরিবেশ

**স্কুল অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি**

এমফিল ও পিএইচডি প্রোগ্রামের ভর্তির বিষয় : বায়োএক্টিভ ন্যাচারাল প্রোডাক্টস, ডায়েট অ্যান্ড ডিজিস, ফুড সেফটি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং [এআই ফর ইন্টারডিসিপ্লিনারি অ্যাপ্লিকেশনস, লার্জ ল্যাঙ্গুয়েজ মডেলস (এলএলএম) অ্যান্ড জেনারেটিভ এআই, ট্রাস্টওয়ার্দি অ্যান্ড রেসপনসিবল এআই]

২. **ভর্তির যোগ্যতা**

ক. স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (ন্যূনতম চার বছর মেয়াদী) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীগণ বাউবির এমফিল এবং পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। প্রার্থীকে অবশ্যই সকল পরীক্ষায় (এসএসসি/সমমান থেকে স্নাতকোত্তর) ন্যূনতম ৫০ শতাংশ নম্বরসহ দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ/সিজিপিএ ৫ এর মধ্যে ৩.৫ এবং ৪ এর মধ্যে ৩ পেতে হবে। স্বাস্থ্য পেশাজীবী প্রার্থীদের অবশ্যই স্বাস্থ্যসম্পর্কিত পেশাগত ডিগ্রিতে পাস মার্ক থাকতে হবে। এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের পিএইচডি প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

খ. পিয়ার রিভিউড স্বীকৃত গবেষণা জার্নালে প্রার্থীর ন্যূনতম দুটি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হলে গবেষক পিএইচডি প্রোগ্রামে সরাসরি ভর্তির জন্য আবেদন করতে পারবেন। তবে এমফিল ডিগ্রিধারী প্রার্থীর ন্যূনতম একটি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হতে হবে। এমফিল প্রোগ্রামে ভর্তিচ্ছুক গবেষকদের গবেষণামূলক প্রবন্ধ থাকা বাধ্যতামূলক নয়।

গ. বিদেশী ডিগ্রি বা বাংলাদেশে অবস্থিত বিদেশী প্রতিষ্ঠান বা তার শাখা হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে আবেদনকারীকে নিজ দায়িত্বে তার পাসকৃত সনদ ও গ্রেডশিট এসএসসি/সমমান ও এইচএসসি/সমমানের ক্ষেত্রে বোর্ড হতে এবং গ্র্যাজুয়েশন ও পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে সমতায়ন করে সমতায়ন সনদসহ বাউবি পরিচালিত প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে হবে।

ঘ. বাউবি বা অন্য কোন বিশ্ববিদ্যালয়ে একই প্রোগ্রামে নিবন্ধিত গবেষকগণ এমফিল এবং পিএইচডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন না।

ঙ. বিদেশী প্রার্থীদের উক্ত যোগ্যতা ছাড়াও আইইএলটিএস (একাডেমিক) স্কোর ন্যূনতম ৬/টোফেল আইবিটি স্কোর ৬০ থাকতে হবে। তবে মাতৃভাষা ইংরেজি হলে অথবা স্নাতকোত্তর ডিগ্রি ইংরেজি মাধ্যমে বিদেশে সম্পন্ন করলে আইইএলটিএস/টোফেল স্কোর প্রয়োজন নেই।

**৩. মাইগ্রেশনের মাধ্যমে এমফিল থেকে পিএইচডি প্রোগ্রামে ভর্তির যোগ্যতা**

অন্য বিশ্ববিদ্যালয়ের এমফিল প্রোগ্রামের কোর্সওয়ার্কের প্রতিটি কোর্সে ন্যূনতম ৭০% নম্বরপ্রাপ্ত গবেষকগণ মাইগ্রেশনের মাধ্যমে বাউবির পিএইচডি প্রোগ্রামের প্রথম বর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। শিক্ষাগত যোগ্যতা ও গবেষণা প্রকাশনা তাদের জন্য প্রযোজ্য নয়। গবেষক কোর্সওয়ার্কের সত্যায়িত নম্বরপত্রসহ অন্যান্য কাগজপত্র নির্ধারিত আবেদনপত্রের সাথে যুক্ত করে সংশ্লিষ্ট স্কুলের কার্যালয়ে জমা প্রদান করবেন।

**৪.** ভর্তিকৃত গবেষককে কোর্সওয়ার্কের সকল ক্লাসে (২০টি) সশরীরে অংশগ্রহণ করতে হবে।

**৫.** ভর্তিকৃত গবেষককে প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগকর্তার অনুমতি নিতে হবে। তবে, শিক্ষাছুটি নেয়া বাধ্যতামূলক নয়।

**৬. তত্ত্বাবধায়কের যোগ্যতা**

বাউবির সংশ্লিষ্ট বিষয়ের অধ্যাপক, পিএইচডি ডিগ্রিধারী সহযোগী অধ্যাপক এবং পিএইচডি ডিগ্রিধারী সহকারী অধ্যাপকগণ গবেষণা তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। এক্ষেত্রে একজন শিক্ষক একই সময়ে সর্বোচ্চ ০৮ জন গবেষকের গবেষণার তত্ত্বাবধায়ক ও ০২জন গবেষকের গবেষণার সহ তত্ত্বাবধায়ক হতে পারবেন।

অন্য বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানের শিক্ষক/গবেষকগণ (সহযোগী অধ্যাপক/সমমান পদমর্যাদার নিচে নয়) বাউবির সহ-তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। প্রস্তাবিত সহ-তত্ত্বাবধায়কের সিভি গবেষকের আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে।

**৭. গুরুত্বপূর্ণ তারিখসমূহ**

আবেদনের সময়সীমা : ১০ সেপ্টেম্বর থেকে ০২ নভেম্বর ২০২৬<br>
গবেষণা সমন্বয় কমিটি কর্তৃক আবেদন যাচাই বাছাই : ০৩ থেকে ১০ নভেম্বর ২০২৬<br>
গবেষকদের মৌখিক/লিখিত পরীক্ষা গ্রহণ ও ভর্তির জন্য সুপারিশ প্রদান : ১১ থেকে ১৮ নভেম্বর ২০২৬<br>
সেন্ট্রাল রিসার্চ কমিটি কর্তৃক ভর্তির জন্য গবেষক মনোনয়ন : ১৯ থেকে ৩০ নভেম্বর ২০২৬<br>
ভর্তি : ০১ থেকে ১৫ ডিসেম্বর ২০২৬<br>
ক্লাস শুরু : ০১ জানুয়ারি ২০২৭<br>
(বিশেষ পরিস্থিতিতে সময়সীমা পরিবর্তন হতে পারে)

**৮. আবেদনপত্রের লিংক :** https://bou.ac.bd/Resource/Forms<br>
আবেদনপত্র ওয়েবসাইটের হোমপেজের ফরম অংশে পাওয়া যাবে।

৯. নির্ধারিত আবেদনপত্র আবশ্যিকভাবে কম্পিউটারে কম্পোজ করে দিতে হবে। হাতে লেখা আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র [এক কপি গবেষণা প্রস্তাব {বাউবির নির্দেশনা অনুযায়ী প্রস্তুতকৃত ও প্রস্তাবিত গবেষণা তত্ত্বাবধায়ক ও সহ-তত্ত্বাবধায়ক (যদি থাকে) স্বাক্ষরসহ}, সকল একাডেমিক নম্বরপত্র ও সনদপত্রের সত্যায়িত অনুলিপি, পিয়ার রিভিউড স্বীকৃত গবেষণা জার্নালে প্রকাশিত প্রবন্ধের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের অনুলিপি, ব্যাংকে টাকা জমার মূল রসিদ এবং সিভি (যদি থাকে)] যুক্ত করতে হবে।

**১০. আবেদন ফি জমা প্রদান**

আগ্রহী আবেদনকারীকে এমফিল প্রোগ্রামের জন্য **১**,৫০০.০০ (এক হাজার পাঁচশত টাকা মাত্র) জনতা ব্যাংক পিএলসির যে কোনো শাখায় [হিসাব নম্বর ০১০০১৫৪৭৩৬৭১৩] এবং পিএইচডি প্রোগ্রামের জন্য ২,০০০.০০ (দুই হাজার টাকা মাত্র) [হিসাব নম্বর ০১০০১৫৪৭৩৬০৬৩] ভর্তির আবেদন ফি বাবদ জমা প্রদান করতে হবে।

**১১. একাডেমিক ও ফাইন্যান্সিয়াল রেগুলেশনের লিংক :**

https://bou.ac.bd/upload/resource/forms/1870853020123870.pdf
রেগুলেশন ওয়েবসাইটের হোমপেজের স্টুডেন্ট হ্যান্ডবুকস্ অংশে পাওয়া যাবে।

**১২.** আবেদনপত্র সংশ্লিষ্ট স্কুলের কার্যালয়ে সরাসরি অথবা কুরিয়ারের মাধ্যমে ০২ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। প্রয়োজনে যোগাযোগ :

ডিন, স্কুল অব এডুকেশন : ০১৯১২২৩৬৯৪২, ০১৭৯১৯১৮৮৫৮
ডিন, সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল : ০১৮১৭১০৫১০৫
ডিন, ওপেন স্কুল : ০১৯১৩৫০৫৮৯৮
ডিন, স্কুল অব বিজনেস : ০১৭১১৯৫৫৫৩৭
ডিন, কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল : ০১৭১৬৭৯৮৯৪৫
ডিন, স্কুল অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি : ০১৮৩৭০৯৫৩৯৪
যুগ্ম-পরিচালক, রিসার্চ ডিগ্রি ইউনিট, প্রশাসন বিভাগ : ০১৭১২৫৫১৫৯৭
সহকারী পরিচালক, রিসার্চ ডিগ্রি ইউনিট, প্রশাসন বিভাগ : ০১৯২৬০০১৭৪৩

**১৩.** অসম্পূর্ণ কিংবা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোনো আবেদন বাতিলের অধিকার সংরক্ষণ করে। বাউবির এমফিল ও পিএইচডি প্রোগ্রামের একাডেমিক ও ফাইন্যান্সিয়াল রেগুলেশন (সংশোধিত ২০২৬) এবং সেন্ট্রাল রিসার্চ কমিটির **১৫**তম সভার সিদ্ধান্তের আলোকে এই ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

**টি এম আহমেদ হুসেইন**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ও
সদস্য সচিব
সেন্ট্রাল রিসার্চ কমিটি, বাউবি।

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. ডিন (সকল), ......................................., বাউবি।

২. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি।
ভর্তি বিজ্ঞপ্তি ওয়েবসাইট ও ফেসবুকে আপলোড; কিউআর কোড প্রদান এবং ডিজিটাল স্ক্রিনে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।

৩. পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।
নির্ধারিত ভর্তি বিজ্ঞপ্তি (সংযুক্ত) সাদা-কালো হিসেবে *দৈনিক যুগান্তর* এবং *দ্য নিউএজ* পত্রিকায় প্রকাশ এবং ভর্তি সংক্রান্ত তথ্যাদি প্রেস রিলিজ আকারে গণমাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৪. যুগ্ম-পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, প্রশাসন বিভাগ, বাউবি।
বাউবি সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর ই-মেইল এবং বাউবির সকল অফিসের ই-মেইলে ভর্তি বিজ্ঞপ্তির সফট কপি প্রেরণের অনুরোধ করা হলো।

৫. একান্ত সচিব, উপাচার্যের কার্যালয়, বাউবি। উপাচার্য মহোদয়ের অবগতির জন্য।

৬. একান্ত সচিব, উপ-উপাচার্য (শিক্ষা)-এর কার্যালয়, বাউবি। উপ-উপাচার্য মহোদয়ের অবগতির জন্য।

৭. একান্ত সচিব, কোষাধ্যক্ষের কার্যালয়, বাউবি। কোষাধ্যক্ষ মহোদয়ের অবগতির জন্য।

৮. সংশ্লিষ্ট নথি।